NEW FOREST
NATIONAL PARK

নিউ ফরেস্ট ন্যাশনাল পার্কে (New Forest National Park)-এ

স্বাগতম্

প্রাচীন বনভূমি, উলুখড়,গুল্ম আচ্ছাদিত প্রান্তর, বিস্তৃত তৃণভূমি, নরম ভিজে কাদামাটি, সুন্দর কৃষিজমি, ছবির মত গ্রাম এবং সমুদ্রতীরবর্তী লোনা-জলাভূমি, উপহৃদ এবং কাদামাটির বিস্তীর্ণ ভুমিখন্ডের অদ্বিতীয় স্থলদৃশ্যচিত্রে স্বাগতম্।

ইংল্যান্ডের দক্ষিণে ন্যাশনাল পার্ক (National Park) হল শেষ কয়টি স্থানের একটি, যেখানে নির্জনতা, শান্তি ও বন্যতার ভাব রয়েছে। এটি ইওরোপের মধ্যে অবশিষ্ট নিম্ন অনুর্বর ভূমিখন্ডগুলির মধ্যে সবচেয়ে বৃহৎ অঞ্চল এবং স্থলদৃশ্যচিত্রের সেই আস্বাদ এনে দেয় যা এক কালে আরও অনেক বিস্তৃত ছিল।

900 বছরেরও আগে বিজেতা উইলিয়াম (William the Conqueror) এই অরণ্যকে শিকার করার জন্য আলাদা করে রেখে দেন এবং শতাব্দীর পর শতাব্দী ধরে হরিণ, ঘোড়া ও গবাদি পশু এখানে চারণ করার জন্য এর স্থলদৃশ্যচিত্রের এরকম অবয়ব হয়েছে; উইলিয়াম হয়তো আজও এই অরণ্যের অনেকটাই চিনে নিতে পারতেন।

পায়ে হেঁটে, বাইকে চড়ে বা ঘোড়ার পিঠে চড়ে দেখে ও ঘুরে বেড়ানোর জন্য এটা একটা চমৎকার জায়গা। বিশেষ করে এখানে প্রচুর বন্য পশু পাখী আছে এবং প্রাচীন ওক গাছ, শরৎকালে ফাংগাস ও শূকর, হরিণ, সরীসৃপ, শিকারী পাখী এবং অবশ্যই বিনাবাধায় ঘুরে বেড়ানো বিখ্যাত নিউ ফরেস্ট টাট্টুঘোড়া সহ আপনি এখানে অনেক দৃশ্যাবলী উপভোগ করবেন যা আপনার এখানে আসা বিশিষ্ট করে তুলবে।

নিউ ফরেস্ট ন্যাশনাল পার্ককে একটি বিশেষ জায়গা হিসাবে বজায় রাখতে সাহায্য করার জন্য এখানে আসতে ট্রেন বা নিউ ফরেস্ট ট্যুর বাস ব্যবহার করেন না কেন?

নিউ ফরেস্ট কেন এত বিশিষ্ট?

নিউ ফরেস্ট ন্যাশনাল পার্কের স্থলদৃশ্যচিত্র হল মধ্যযুগীয় ইংল্যান্ডের জীবন্ত এবং কর্মব্যস্ত অবশিষ্টাংশ যেখানে ধারাবাহিকতা, ঐতিহ্য ও ইতিহাসের এক অভিভূতকারী ভাব আছে। এটা শুধুমাত্র একটি বিশেষ গুণের টিঁকে থাকা নয়, কিন্তু এর সমস্ত বিবিধ বিশেষত্বগুলির জীইয়ে থাকা যা পরিপূর্ণতা ও একাত্মতার ভাব আনে।

এই বিশেষত্বগুলির মধ্যে রয়েছে ঃ

1. নিউ ফরেস্টের অসামান্য প্রাকৃতিক সৌন্দর্য্য ঃ প্রাচীন বৃক্ষাদি, অনুর্বর গুল্মময় ভূমিখন্ড, জলাভূমি, শরৎকালের রূপ ও রং এবং সলেন্ট (Solent) এবং আইল অফ ওয়াইটের (Isle of Wight) দৃশ্যসমেত অমলিন সমুদ্রতীরের দৃশ্য, শব্দ ও গন্ধ।
2. আন্তর্জাতিক গুরুত্বের অসামান্য বিবিধ গাছগাছালি ও জীবজন্তু।
3. রাজকীয় মৃগয়াভূমি থেকে জাহাজ নির্মাণ, নুন প্রস্তুতি এবং 500 বছরের সমুদ্রতীরবর্তী সৈনিক প্রতিরক্ষা পর্যন্ত একটি অদ্বিতীয় ঐতিহাসিক, সাংস্কৃতিক ও প্রত্নতাত্ত্বিক ঐতিহ্য।
4. একটি ঐতিহাসিক সাধারণকরণ ব্যবস্থা যেটি জনসাধারণ যা জানে ও ভালোবাসে তার অনেকটাই নিউ ফরেস্ট হিসাবে প্রতিপালন করে, কৃষিকাজ ও বনরক্ষণবিদ্যাকে ভিত্তি কল্পরে একটি কর্মচঞ্চল স্থলদৃশ্যের কেন্দ্রবিন্দু তৈরী করে কল্পরে।
5. নিউ ফরেস্টে বিনাবাধায় ঘুরে বেড়ানো পটের ছবির মত টাট্টুঘোড়া, এবং সাথে গর্দভ, শূকর এবং গবাদি পশুরা।
6. ব্যস্ত, গড়ে ওঠা দক্ষিণ ইংল্যান্ডের মধ্যস্থলে শান্তি ও নির্জনতা।
7. শান্ত বিনোদন, শিক্ষা এবং আবিষ্কারের এক চমৎকার সুযোগ যা আছে দক্ষিণের শেষ কয়েকটি বিস্তৃত, শান্ত স্থলদৃশ্যের একটিতে যেখানে পায়ে হেঁটে ও ঘোড়ায় চড়ে ঘুরে বেড়ানো যায় যা আর কোথাও হয় না।
8. স্বাস্থ্যকর পরিবেশঃ তাজা হাওয়া, পরিস্কার জল, স্থানীয়ভাবে উৎপন্ন দ্রব্য এবং বন্যতারক্ষ ভাব।
9. স্থানীয় এলাকার সাথে নিজেদের মিলিয়ে নেবার সত্যিকারের গর্বে গর্বিত শক্তিশালী এবং বৈশিষ্ট্যময় স্থানীয় জনসম্প্রদায়।

Controller of Her Majesty's Stationery Office © Crown Copyright-এর পক্ষে অর্ডন্যান্স সার্ভের (Ordnance Survey) অনুমতিসহ এই মানচিত্রটি অর্ডন্যান্স সার্ভে সরঞ্জাম থেকে প্রস্তুত করা হয়েছে। অননুমোদিত পুনর্প্রস্তুতি Crown Copyright কে লঙ্ঘন করে এবং New Forest National Park Authority লাইসেন্স নম্বর হল 100014703 2008*

নিউ ফরেস্টের যত্ন করা

নিউ ফরেস্ট ন্যাশনাল পার্কে জনসাধারণ এবং প্রকৃতি মিলেমিশে থাকে। যাতে আমরা এটি বজায় রাখতে পারি, তার জন্য দয়া করে এই সহজ আচরণ সংহিতা মেনে চলুন ঃ

প্রবেশ (ঘুরে বেড়ানো) ঃ পথ চলার পথে চলবেন যাতে বন্যজীবনকে বিরক্ত না করা হয়। সন্ধ্যের মধ্যে যাতে ফরেস্ট্রী কার পার্ক থেকে বেড়িয়ে যেতে পারেন সেইভাবে আপনার রূটের পরিকল্পনা করবেন।

কুকুর ঃ কুকুরদের নিয়ে হাঁটার জন্য নিউ ফরেস্ট চমৎকার একটি জায়গা কিন্তু কুকুরদের সব সময় চোখে চোখে রাখবেন ও নিয়ন্ত্রণে রাখবেন। মার্চ মাস থেকে জুলাই মাস পর্যন্ত পাখীরা যাতে তাদের ছানাদের নিরাপদে প্রতিপালন করতে পারে তার জন্য কুকুরদের চলার পথ থেকে বাইরে যেতে দেবেন না। গ্রীষ্মকালে কিছু সৈকত আছে যা কুকুরদের জন্য নয়; স্থানীয় নিয়ন্ত্রণবিধি দেখে নিন।

পার্কিং ঃ একটি চিহ্নিত কার পার্ক ব্যবহার করুন এবং আপনার গাড়ী বন্ধ করুন ও দামী জিনিসপত্র নিজের সঙ্গে রাখুন।

গাড়ী চালানো ঃ যে সব রাস্তায় বেড়া দেওয়া নেই সেখানে গতিসীমা 40 মাইল প্রতি ঘন্টায় রাখলে পশুদের সাথে দুর্ঘটনা অনেক কমে যায়। ধীরে চালান এবং টাট্টুঘোড়া ও অরণ্যের অন্যান্য জন্তুদের নিরাপত্তার জন্য তাদের অনেকটা জায়গা ছেড়ে দিন; তাদের রাস্তার জ্ঞান (রোডসেন্স) খুব অল্পই আছে! বিশেষ করে রাত্রে সাবধান হবেন।

অগ্নিকান্ড ঃ যেহেতু অনিয়ন্ত্রিত অরণ্য অগ্নিকান্ডের প্রচন্ড ভয় আছে, সেহেতু নিউ ফরেস্টে ক্যাম্পফায়ারের অনুমতি দেওয়া হয় না। উইলভারলি (Wilverley) এবং অ্যান্ডারউড (Anderwood) কার পার্কে বারবেকিউ (Barbecue)-এর স্থান ভাড়া দেন ফরেস্ট্রী কমিশন (Forestry Commission) (023 8028 3141 বা www.forestry.gov.uk/newforest) এবং লিপি কান্ট্রি পার্কে (Lepe Country Park) ভাড়া দেন হ্যাম্পশায়ার কাউন্টি কাউন্সিল (Hampshire County Council) (দয়া করে অগ্রিম বুকিং করুন ঃ 023 8089 9108 বা www.hants.gov.uk/lepe)।

সাইকেল চড়া ঃ পথের চিহ্ন দেওয়া পথে চলুন। পদচারী ও ঘোড়সওয়ারীদের পথ ছেড়ে দিন এবং তাদের কাছাকাছি আসলে সতর্কতামূলক আওয়াজ করুন। সরু পথে একের পিছনে একজন করে চলবেন এবং কখনোই দুজনের বেশি পাশাপাশি চলবেন না। যাতে দেখতে পাওয়া যায় সেজন্য উজ্জ্বল রঙের পোষাক পরবেন এবং অন্ধকারে সবসময় আলো ব্যবহার করবেন।

অরণ্য ব্যবস্থাপনা ঃ যে কোনো সাবধানবাণীর ওপর নজর রাখবেন এবং কর্মস্থল থেকে নিরাপদ দূরত্বে থাকবেন। যখন বলা হবে ভয়ের কিছু নেই তখনই কাঠবোঝাই গাড়ীর পাশ দিয়ে চলবেন।

আবর্জনা ঃ দয়া করে নিজের আবর্জনা নিজের বাড়ী নিয়ে যাবেন।

টাট্টুঘোড়া ঃ টাট্টুঘোড়াদের খাবার দেবেন না। তাদের দেখলে নিরীহ বন্ধুভাবাপন্ন মনে হলেও তারা কামড়ে দিতে পারে বা লাথি মারতে পারে স্থ বিশেষ করে বাচ্চাসহ ঘোটকী স্থ এবং টাট্টুঘোড়া, যাদের হাত দিয়ে খাওয়ানো হয় তারা রাস্তায় এসে জড়ো হতে পারে এবং অন্য দর্শনার্থীদের সাথে আক্রমণাত্মক আচরণ করতে পারে। অরণ্যে তারা চারণ করে প্রচুর খাদ্য পাবে।

ন্যাশনাল পার্ক বলতে কি বোঝায়?

ন্যাশনাল পার্ক হল অভূতপূর্ব প্রাকৃতিক সৌন্দর্য্যের এলাকা যেখানে বাড়ির বাইরের বিনোদনের অনেক সুযোগ আছে, যেটির বিশেষ রক্ষণাবেক্ষণের দরকার ও সুরক্ষিত রাখার দরকার স্থ ঠিক যেমন নিউ ফরেস্ট।

নিউ ফরেস্ট ন্যাশনাল পার্কের উদ্দেশ্য হল ঃ

- পার্কের প্রাকৃতিক সৌন্দর্য্যের, বন্যজীবনের রক্ষণাবেক্ষণ ও উন্নতি সাধন, এবং
- এর বিশেষ গুণাবলী বুঝতে ও উপভোগ করতে উৎসাহদান।

এছাড়াও, এই পার্কের অভ্যন্তরের জনগোষ্ঠীর সামাজিক ও অর্থনৈতিক সুষ্ঠুতাকে প্রতিপালন করার দায়িত্ব ন্যাশনাল পার্কের রয়েছে।

NEW FOREST
NATIONAL PARK

টেলিফোন নম্বর ঃ 01590 646600
ই-মেইল ঃ enquiries@newforestnpa.gov.uk
ওয়েবসাইট ঃ www.newforestnpa.gov.uk

© New Forest National Park Authority 2009
সমস্ত ছবি New Forest National Park Photographic Library থেকে

পুনরাবর্তনীয় কাগজে মুদ্রিত